

কালের কণ্ঠ

‘দক্ষ মানবসম্পদ গড়তে তহবিল করবে সরকার’

নিজস্ব প্রতিবেদক ৫ ফেব্রুয়ারি, ২০১৬ ০০:০০

দেশের বর্তমান অর্থনৈতিক প্রবৃদ্ধিকে টেকসই বলা যায় না উল্লেখ করে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, টেকসই প্রবৃদ্ধির জন্য দক্ষ মানবসম্পদ দরকার। এ জন্য সরকারি উদ্যোগ থাকতে হবে। গতকাল বৃহস্পতিবার রাজধানীর সোনারগাঁও হোটেলে আয়োজিত ‘প্রস্তাবিত জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল’ বিষয়ক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। অনুষ্ঠানে অর্থমন্ত্রী আরো বলেন, মানবসম্পদকে দক্ষ করে তুলতে তহবিল গঠনের একটি উদ্যোগ নেওয়া হয়েছিল ১৯৮১ সালে। তখনকার পররাষ্ট্রমন্ত্রী শামসুল হক এ উদ্যোগ নিয়েছিলেন। কিন্তু হঠাৎ করেই সেই উদ্যোগ বন্ধ হয়ে যায়। অবশ্য বন্ধ হওয়ার কারণ কেউ জানে না। প্রায় ৪০ বছর পর আবারও সেই তহবিল গঠনের উদ্যোগ নেওয়া হচ্ছে। এ ধরনের তহবিল ভারত, সিঙ্গাপুর ও মালয়েশিয়াসহ বিভিন্ন দেশে রয়েছে। অর্থমন্ত্রী বলেন, ‘বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার দেশগুলোর অবকাঠামো খাতে অনেক ঘাটতি রয়েছে। গত পাঁচ-ছয় বছর ধরে আমরা অবকাঠামো উন্নয়নে মনোযোগ দিয়েছি। ফলে অবকাঠামো ঘাটতি অনেকটা কমে আসছে। অবকাঠামোর পরেই মানবসম্পদের দক্ষতা বাড়ানো অত্যন্ত গুরুত্বপূর্ণ।’ শ্রম প্রতিমন্ত্রী মুর্জিবুল হক চুন্সু বলেন, যেসব প্রতিষ্ঠান মানবসম্পদ উন্নয়নে কাজ করছে, তাদের সহায়তা বা কার্যক্রম সম্প্রসারণ করার জন্য তহবিল দরকার। ‘প্রস্তাবিত জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল’ নামে প্রকল্পটি অর্থ বিভাগের ‘স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)’ বাস্তবায়ন করছে। ২২টি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে এ প্রকল্প নেওয়া হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে আর্থিক সংকটে থাকা প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে চলতি অর্থবছর অর্থ সহায়তা দেওয়া হবে। সরকারের বাজেট বরাদ্দ, উন্নয়ন কর্মশালায় অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাহবুব আহমেদ, এডিবি কান্ট্রি ডিরেক্টর কাজুহিকো হিগুচি ও ঢাকায় সুইজারল্যান্ড দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স বিয়েইট এলসেইসর উপস্থিত ছিলেন।